চুয়াডাঙ্গায় বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজের জন্য জমির চেক বিতরণ

চুয়াডাঙ্গায় বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ স্থাপনের লক্ষ্যে অধিগ্রহণকৃত জমির জমির ক্ষতিগ্রস্তদের মাঝে চেক বিতরণ করা হয়। চু্য়াডাঙ্গা সদরের জাফরপুর গ্রামে শশানতলায় বেলা সাড়ে চারটার সময় এই চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, এ সময় তিনি বলেন, সরকার কর্তৃক নির্ধারিত চুয়াডাঙ্গায় বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ স্থাপনের লক্ষ্যে এই জমি অধিগ্রহণ করা হয়েছে। বর্তমানে অধিগ্রহণকৃত মোট জমির মালিকদেরকে অধিগ্রহণকৃত জমির ক্ষতিগ্রস্তদের মাঝে মাঝে আজকে চেক বিতরণ করা হচ্ছে এবং পর্যায়ক্রমে সকলকে চেক বিতরণ করা হবে।

চুয়াডাঙ্গা বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ স্থাপনের লক্ষ্যে সরকার কর্তৃক মোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ ৮৩.৭৩ একর। মোট টাকার পরিমাণ ৯৪কোটি ৪৬ লক্ষ ৬৫ হাজার ৩ শত ২ টাকা। অদ্য ৯ টি চেকে ১কোটি ৬৬লক্ষ ৮৫হাজার ৪শত ৩টাকা বিতরণ করা হয়।

উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)আরাফাত রহমান, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা এবং চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হুমায়ন কবির, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি অ্যাডভোকেট মালিক আকবর, ৭নং পদ্মবিলা ইউনিয়নের চেয়ারম্যান আলম আলী সহ জেলা প্রশাসক ও বিজিবি উর্ধতন কর্মকর্তা বৃন্দ।

[redacted]

[redacted]

রাতেই স্থানীয় কবর স্থানে শিশু আয়ানের জানাজার নামাজ শেষে দাফন সম্পন্ন হয়।

মুন্সিগঞ্জ ফাঁড়ির উপ-পরিদর্শক এসআই তাপস কুমার জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে নিহত আয়ানের লাশ উদ্ধার করা হয়েছে। এসময় উত্তেজিত জনতার হাতে আটক ট্রাক চালক ও হেলপারকে উদ্ধার করে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।

দামুড়হুদায় বিশ্ব মা দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা’ এই শ্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় বিশ্ব মা দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো: মনিরুজ্জামান।

উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার ইপসি, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, উপজেলা সহকারী প্রোগ্রামার (আইসিটি) আরিফুল ইসলাম, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক সাজিদ হাসান, উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবীব, যুগ্ন সম্পাদক শেখ হাতেম, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ-সাংগঠনিক সম্পাদক রাজু আহমেদ সন্জু, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমান, দামুড়হুদা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক

বখতিয়ার হোসেন বকুল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান ববি।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু বলেন, পবিত্র কোরআন শরিফে বাবার চেয়ে মায়ের অধিকার দেয়া হয়েছে তিনগুণ। সুতরাং সন্তানের জন্য মায়ের বিকল্প নেই। মা পৃথিবীর শ্রেষ্ঠ শিক্ষক অভিহিত করে তিনি আরও বলেন, বিষ্ণুপুরের একটি মা ৪টা সন্তান জন্ম দিয়েছেন। শত কষ্টকে বুকে চেপে মা আনন্দে উদ্দেলিত হয়ে হাসছে-খেলছে। এক কথায় মায়ের ঋণ কখনও শোধ করা যায় না।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। সার্বিক সহযোগিতায় ছিলেন অফিস সহকারী সুমন ও সাথি খাতুন।

চুয়াডাঙ্গায় বিশ্ব মা দিবসে আলোচনা সভা ও স্বপ্নজয়ী মায়েদের সম্মাননা প্রদান

চুয়াডাঙ্গায় বিশ্ব মা দিবস উপলক্ষে আলোচনা সভা ও স্বপ্নজয়ী মায়েদের হাতে সম্মাননা প্রদান অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে বিশ্ব মা দিবস উদযাপন করা হয়।

বিশ্ব মা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও স্বপ্নজয়ী মায়েদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) হামিদ রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, মা ছোট্ট একটি শব্দ কিন্তু পৃথিবীর সবচেয়ে মধুরতম ডাক। ছোট্ট এ শব্দের অতলে লুকানো থাকে গভীর স্নেহ, মমতা আর অকৃত্রিম ভালোবাসা। তাইতো মমতাময়ী মায়ের সম্মানে প্রতি বছর মে মাসের দ্বিতীয় রোববার পৃথিবীব্যাপি বিশ্ব মা দিবস পালন করা

হয়। মাকে ভালোবাসা ও শ্রদ্ধা জানাতে কোনো দিনক্ষণ প্রয়োজন হয় না। মায়ের প্রতি প্রতিদিনই সন্তানের ভালোবাসা থাকে।

এ সময় চুয়াডাঙ্গায় পাঁচজন স্বপ্নজয়ী মায়েদের হাতে ফুলেল শুভেচ্ছা ও ক্রেষ্ট তুলে দেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, স্বাগত বক্তব্য রাখেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক মাকসুরা জান্নাত সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।

দামুড়হুদায় বিজিবির অভিযানে ফেন্সিডিল সহ আটক ১

দামুড়হুদায় বিজিবির অভিযানে ফেন্সিডিলসহ ১জনকে আটক করা হয়েছে। গতকাল শনিবার বিকাল ৪টার দিকে মুন্সিপুর গ্রাম থেকে।

থানা সূত্রে জানা গেছে দামুড়হুদা থানাধীন মুন্সিপুর বিজিবি ক্যাম্প কর্তৃক মুন্সিপুর গ্রামস্থ সীমানার মেইন পিলার ৯৩ এর ৫০ গজ দূরে জৈনক মোঃ মহসিন এর বাড়ির সামনে পাকা রাস্তার উপর হইতে ০২(দুই) বোতল ফেনসিডিল ও একটি সুজুকি জিকসার ১৫০ সিসি মোটরসাইকেল সহ ০১ জন আসামী গ্রেফতার।

গ্রেফতারকৃত আসামি হলেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানার কুড়ালগাছী ইউনিয়নের ধান্যঘরা গ্রামের জান মোহাম্মদের ছেলে শরিফুল ইসলাম (২৯)।

মুন্সিপুর বিজিবি ক্যাম্পের সহকারি কমান্ডার হাবিলদার মোঃ জামাল হোসেন সহ সঙ্গীয় ফোর্স এর সহায়তায় আসামিকে হাতেনাতে ০২(দুই) বোতল ফেনসিডিল ও একটি সুজুকি জিকসার ১৫০ সিসি মোটরসাইকেল সহ গ্রেপ্তার করেন। সাক্ষীদের উপস্থিতিতে উদ্ধারকৃত মাদকদ্রব্য ফেনসিডিল ও মোটরসাইকেল জব্দ তালিকা মূলে জব্দ করতঃ আসামীকে

হেফাজতে নেয়।

দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য আইনে মামলা প্রক্রিয়াধীন।

আলমডাঙ্গার পাইকপাড়ায় দু’জুয়াড়ী আটক

আলমডাঙ্গার ঘোলদাড়ি পাইকপাড়ায় দু’জোয়াড়ীকে আটক করেছে পুলিশ। গত শুক্রবার (১২ মে) রাত সাড়ে ১০ টার দিকে ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ তাদের আটক করে।

আটকৃতরা হলেন- আইলহাঁস ইউনিয়নের পাইকপাড়া গ্রামের মাঝের পাড়ার মতিয়ার রহমানের ছেলে মুক্তাদুল (২০), রায়হান আলীর ছেলে রাসেল (২১)।

পুলিশ সূত্রে জানাযায়, ইউনিয়নের পাইকপাড়া গ্রামের জিকে ক্যানেলের উপর দাউদ মন্ডলের ছেলে ইয়ামিন চায়ের দোকানের ব্যবসা করে। রাত হলেই দোকানে রমরমা জুয়ার আসর চালায়। ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ বিভিন্ন সময় অভিযান চালালেও জোয়াড়ীরা ধরা ছোয়ার বাইরে চলে যায়।

গত শুক্রবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে ফাঁড়িপুলিশ অভিযান চালিয়ে দু’জোয়াড়ীকে আটক করে। পুলিশের উপস্থিতে অনেকে পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে ১ সেট তাস ও ৫২০ টাকা উদ্ধার করে পুলিশ। দু’জুয়াড়ীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছে পুলিশ।

দামুড়হুদা জয়রামপুরে ছুটিতে

আসা পুলিশ সদস্য’র বিরুদ্ধে বৃদ্ধ মহিলাকে লাঠিপেটা করার অভিযোগ

দামুড়হুদায় ছুটিতে আাসা পুলিশ সদস্য’র বিরুদ্ধে বৃদ্ধ মহিলাকে লাঠিপেটা করার অভিযোগ করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৮ টার দিকে জয়রামপুর কাঁঠালতলাস্থ বাজারে দোকানের সামনে এই ঘটনা ঘটে। এই ঘটনায় বৃদ্ধ মহিলা বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযুক্তরা হলেন জয়রামপুর গাতির পাড়ার মো: আবুল হোসেন এর ছেলে ১) মো: ইখলাস (পুলিশ সদস্য) ২) আলাউদ্দিন (৫০) মো: ইদ্রিস (৪০) এবং মিলন (৩০)।

অভিযোগ সুত্রে জানাগেছে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলাস্থ বাজার নিবাসী স্বামী-মৃত নুরুল ইসলামের স্ত্রী মোছা: রহিমা খাতুন (৫৬) এর বসত বাড়ির সামনে নিজ দখলিয় তিনটি দোকান আছে। যা ৪০ বছর পূর্বে ক্রয়কৃত সম্পত্তি। সকালে দোকানের সামনে বৃদ্ধ মহিলা আসলে আগে থেকে ওত পেতে থাকা ছুটিতে আসা পুলিশ সদস্য এখলাস সহ অভিযুক্তরা বাজারে উপস্থিত লোকজনের সামনে লোহার রড ও কাঠের মোটা বাটাম দিয়ে এলোপাতাড়ি ভাবে বৃদ্ধ মহিলাকে মারপিট করতে থাকে। বৃদ্ধ মহিলার আত্মচিৎকারে স্থানীয় লোকজন ছুটে এসে অভিযুক্তদের কবল থেকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

স্থানীয় প্রত্যক্ষদর্শী সূত্রে জানাগেছে
বৃদ্ধ মহিলার পরিবারটি দীর্ঘ প্রায় ৪০ বছর পূর্বে জমিকিনে এখানে বাসবাস করে আসছে। যা আমরা জন্মের পর থেকে দেখছি। ওই মহিলার ভোগ দখলকৃত বাড়ির সামনে তিনটে দোকান রয়েছে, অভিযুক্তদের দাবি ওই জমি তাদের। তারাও নাকি বছর ৪ পূর্ব ঐ জমি কিনেছে। এ বিষয়ে বিজ্ঞ আদালতে মামলা চলছে। ওই দোকান তিনটিতে যাতে কোন ভাড়াটিয়া থাকতে না পারে সে কারণে ইট দিয়ে দোকানের সামনে ইট দিয়ে প্রাচীরের মতো করে রেখেছে, যাতে করে কেউ ওখানে ব্যবসা-বাণিজ্য করতে না পারে। ইতিমধ্যে একজন ব্যবসায়ী দোকান ছেড়ে চলে গেছে। প্রধান সড়কের পাসে রাস্তায় ইটপাটকেল থাকায় সাধারণ মানুষেরও চলাচলে বিগ্নঘটে। স্বামীর মৃত্যুর পর থেকে বৃদ্ধ মহিলা ওই দোকান থেকে ভাড়া উত্তোলন করে কোনো রকমে জীবিকা নির্বাহ করে আসছে। সকালে মহিলা

যখন দোকানের সামনে আসে তখন আমাদের সবার সামনে ওই বৃদ্ধ মহিলাকে যেভাবে মারপিট করা হয়েছে তা কোন সুস্থ মস্তিষ্কের মানুষ করতে পারে না। হয় সে নেশাগ্রস্ত না হয় তার মস্তিষ্কে সমস্যা আছে। তানাহলে ৬০ উর্ধ ঐ বৃদ্ধ মহিলাকে জন সমূখে এভাবে কাঠের বাটাম দিয়ে বেধড়ক মারপিট করতে পারতো না। এটা খুবই খারাপ অমানবিক কার্যকলাপ। সব থেকে বেশি অন্যায় হয়েছে পুলিশ সদস্য এখলাসের। সে একজন পুলিশের সদস্য হয়ে নিজেই অতি উৎসাহী হয়ে এই গ্যাঞ্জামের সৃষ্টি করে। তার নেতৃত্বে তারই ভাই ভগ্গোর বৃদ্ধ মহিলাকে মারপিট করছে। উপরন্ত পরিবারটিকে অশ্লীল ভাষায় গালিগালাজ সহ বিভিন্ন হুমকি ধামকি প্রদান করেছে। প্রকাশ্য দিবালকে জন সম্মুখে পুলিশ সদস্যের এমন কাণ্ডে হতবাক হয়েছে এলাকাবাসী। পরিবারে একজন পুলিশ সদস্য থাকার কারনে দাম্ভিকতার সাথে প্রকাশ্যে সে সহ তার ভাইয়েরা মিলে বৃদ্ধ মহিলাকে আঘাত করে। একপাড়া থেকে আরেক পাড়ায় এসে এরকম মারামারি করা ঠিক হয়নি।

থানা পুলিশ সূত্রে জানা গেছে ওখানে জমি নিয়ে একটা সমস্যা আছে। যেটা বিজ্ঞ আদালতে মামলা চলমান। এ বিষয়ে বাদী পক্ষ রহিমা গং বিজ্ঞ আদালতে একটি পিটিশন মামলা দায়ের করেন, যার নং ৪৩৩/২৩। এরই ধারাবাহিকতায় গত ০৯/০৫/২০২৩ ইং তারিখে দামুড়হুদা মডেল থানার এএসআই বিপ্লব কুমার দাস নিজে গিয়ে নুটিশ জারি করে আসে এবং উভয়পক্ষকে শান্তির শৃঙ্খলা বজায় রাখার জন্য নির্দেশ দেন। পুলিশি নির্দেশ উপেক্ষা করে ঘটনার দুই দিন যেতে না যেতেই ছুটিতে আসা পুলিশ সদস্যসহ তার আপন ভাইগন বৃদ্ধ মহিলাকে জনসম্মুখে প্রকাশ্যে মারপিট করে। বৃদ্ধ মহিলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি আছে বলে জানা গেছে। এ বিষয়ে এলাকাবাসী বিচারের দাবিতে ফুসে উঠেছে।

এবিষয়ে ভুক্তভোগী বৃদ্ধা রহিমা খাতুন বলেন, উল্লেখিত বিবাদীদের সাথে আমার স্বামীর ক্রয়কৃত ভোগ দখলীয় বসত ভিটার জমি নিয়ে দীর্ঘ দিন ধরে বিরোধ চলে আসছে। বিবাদীরা আমাদেরকে উক্ত জমি হইতে উচ্ছেদ করার জন্য বিভিন্ন ভাবে হয়রানী করার জন্য আমাদের বাড়াতে চলাচলের রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করা সহ নানা ভাবে হয়রানী করে আসছে। এমতাবস্থায় আমি জমিজমা সংক্রান্তে বিজ্ঞ আদালতে মামলা করি। পরবর্তীতে উক্ত মামলার প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের নির্দেশে দামুড়হুদা থানা পুলিশ উক্ত জমিতে শান্তি শৃংখলা বজায় রাখার জন্য বিবাদীদেরকে নোটিশ প্রদান করে। কিন্তু তারপরেও বিবাদী পক্ষ উক্ত জমি পুনরায় দখলে নেওয়ার পাঁয়তারা করতে থাকে। এরই ধারাবাহিকতায় গতকাল সকাল অনুমান ৮ টার দিকে বিবাদীরা বিজ্ঞ আদালতের আদেশ

অমান্য করিয়া পাওয়ার টিলার গাড়ী যোগে আমার বসত বাড়ীর প্রবেশে ইট ফেলে আমাদের চলাচলের রাস্তা বন্ধ করে দেয়। ঐ সময় আমি বিবাদীদেরকে আমাদের বাড়ীতে চলা চলের রাস্তায় ইট ফেলতে নিষেধ করিলে বিবাদীরা সকলে আমাকে এলোপাতাড়ী ভাবে মারপিট করে শরীরের বিভিন্ন স্থানে জখম করে। তখন আমার ডাক চিৎকার শুনে আশপাশ হইতে পাড়া প্রতিবেশী লোকজন ছুটিয়া এসে বিবাদীদের কবল থেকে আমাকে রক্ষা করে। বর্তমানে বিবাদীগন বিজ্ঞ আদালতে আদেশ অমান্য করিয়া বিরোধীয় জমিতে নির্মান কাজ করার পাঁয়তারা করিতেছে। পরবর্তীতে আমি উল্লেখিত বিষয়ে স্থানীয় গন্যমান্য ব্যক্তিদের জানাইয়া দামুড়হুদা মডেল থানায় অভিযোগ দায়ের করেছি।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শফিকুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন ঘটনাস্থল পরিদর্শন করেছি। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

চুয়াডাঙ্গায় হৃদরোগে মৃত্যুবরণকারীর পরিবার পেলো ৬ লক্ষ টাকার চেক

ইসলামী শরিয়াহ্ মোতাবেক পরিচালিত জীবন বীমা কোম্পানি সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ব্যবসায় উন্নয়ন মিটিং অনুষ্ঠিত হয়েছে। সেইসাথে জীবন বীমা করে হৃদরোগে মৃত্যুবরণকারী এনামুল হক(৪৭) এর পরিবার পেলো ছয় লক্ষ টাকার চেক।

চুয়াডাঙ্গা শাহিদ প্যালেসে সকাল সাড়ে দশটার সময় বীমা কারী প্রতিষ্ঠান সোনালী লাইফ ইন্স্যূরেন্স কোম্পানি লিমিটেডের ব্যবসায় উন্নয়ন মিটিংয়ের শুভ উদ্বোধন করা হয় এবং জীবন বীমা করে হৃদরোগ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী এনামুল হকের পরিবারের মাঝে আনুষ্ঠানিক ভাবে চেক হস্তান্তর করা হয়।

চুয়াডাঙ্গা সোনালী লাইফ ইন্স্যূরেন্স কোম্পানি লিমিটেডের ব্রাঞ্চ ইনচার্জ মকবুল হোসেনের সভাপতিত্বে এবং চুয়াডাঙ্গা সেলস

হুইল চেয়ার ও সেলাই মেশিন বিতরণী

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের শিক্ষার্থীদের অনুকূলে এবং উপজেলা পরিষদ, দামুড়হুদা’র রাজস্ব তহবিলের অর্থায়নে প্রতিবন্ধী ও অসহায় দু:স্থদের মাঝে বাইসাইকেল, শিক্ষা বৃত্তি, হুইল চেয়ার ও সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ১২ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের বঙ্গবন্ধু ম্যুরাল প্রাঙ্গণে শিক্ষার্থী প্রতিবন্ধী ও দুস্থদের মাঝে এসব বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন। এসময় বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। আরও উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন প্রমূখ।

এসময় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন বলেন বর্তমানে দেশের গ্রামাঞ্চলের যে চিত্র আমরা দেখি তা কিন্তু আগের থেকে সম্পূর্ণ ভিন্ন, এখন অনেক উন্নয়ন হয়েছে। সংবিধানে যেমন সকলের সমান অধিকারের কথা বলা হয়েছে আবার পিছিয়ে পড়া জনগণের জন্য অগ্রধিকার ভিত্তিতে নারী শিশু ক্ষুদ্র নৃগোষ্ঠী পাহাড়ি এলাকায় যারা আছে তাদের জন্য বিশেষ প্রকল্প আছে। আমাদের এই দেশে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় অনেকেই অনেক ধরনের ভাতা পাচ্ছে সুযোগ-সুবিধা পাচ্ছে। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা উপজেলায় শিক্ষার্থীদের মাঝে ২০টি বাইসাইকেল, প্রতিবন্ধীদের মাঝে ১৮টি হুইল চেয়ার, মহিলাদের মাঝে ১৭টি সেলাই মেশিন ও ৩৪ জন শিক্ষার্থীর মাঝে ৯২ হাজার ৪শত টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। এর মধ্যে ৩ জন শিক্ষার্থীকে জনপ্রতি ৬ হাজার টাকা এবং ৩১ জনকে জনপ্রতি ২ হাজার ৪শত টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

অনুষ্ঠান শেষে জেলা প্রশাসক উপজেলা নির্বাহী অফিসারের ব্যক্তিগত বাসভবনে নিরাপত্তারত আনসার সদস্যদের জন্য ১৫ লক্ষ টাকা ব্যয়ে এলজিইডির বাস্তবায়নে বাসভবন নির্মাণের শুভ উদ্বোধন করেন।

শুভ উদ্বোধন অনুষ্ঠানে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মাও মো: মামুনুর রশীদ।

দর্শনায় ওয়ালটন প্লাজার শুভ উদ্ধোধন করলেন চিত্র নায়ক আমিন খান

দর্শনায় জাঁকজমকপূর্ণ ভাবে ওয়ালটন প্লাজার ৬১২ তম “শো” রুমের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার বিকাল ৪ টায় দর্শনা শহরের বাসস্ট্যান্ড মোড় সংলগ্ন বাজার সড়কে এ শো-রুমের শুভ উদ্বোধন করেন বাংলাদেশ চলচিত্রর সুপারহিট চিত্র নায়ক আমিন খান ও মিরাক্কেল-৬ বিজয়ী কৌতুক অভিনেতা আবু হেনা রণি।

উদ্বোধন উপলক্ষে প্লাজা প্রাঙ্গণে বেলুন উড়িয়ে ওয়ালটন প্লাজা শো-রুমের শুভ উদ্বোধন ঘোষণা করে।

শুভ উদ্বোধন শেষে প্লাজা প্রাঙ্গনে অবস্থিত মঞ্চে আলোচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিসের উপ-ব্যবন্থাপনা পরিচালক হুমায়ুন কবির, চিপ সেলস এক্সিকিউটিভ ওয়াহিদুজ্জামান তানভির ও দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ, দর্শনা কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, দর্শনা পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর এনামুল কবীর সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

এদিকে ওয়ালটন প্লাজার উদ্বোধন উপলক্ষে দর্শকদের জন্য রাখা হয় লাকি কুপনের ব্যবস্থা। পরে বিজয়ীদের মাঝে বিতরণ করা হয় আকর্ষণীয় পুরস্কার।